



বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
নির্বাহী প্রকৌশলী'র কার্যালয়
নাটোর রিজিয়ন, নাটোর।



+৮৮০২৫৮৭৭৩৫১০৩, Email: xen_natore@bmda.gov.bd

সূত্র: বিএমডিএ/নি:প্র:/নাটোর/শুদ্ধাচার/২৭/২০২৩-২৪/১৯

তারিখ: ০২/০১/২০২৪খ্রি.

অফিস আদেশ

বিএমডিএ, নাটোর রিজিয়ন, নাটোর দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [৩.] শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের [৩.২] 'প্রকল্পের কাজে স্বচ্ছতা আনয়ন' এর নিমিত্ত নিম্নোক্ত কর্মকর্তা/কর্মকর্তাগণকে প্রকল্পের কার্যক্রমসমূহ সরেজমিনে মনিটরিং/পর্যবেক্ষণ/পরিবীক্ষণ/পরিদর্শন করার নিমিত্ত দায়িত্ব প্রদান করা হল:


ক্র.নং	প্রকল্পের নাম	কাজের বিবরণ ও প্রকল্প এলাকা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী	মন্তব্য
১.	ইআইএনডি	খাল/খাড়া পুণ: খনন নাটোর ও বড়াইগ্রাম জোন দপ্তরাধীন প্রকল্প এলাকা	মো: শফিকুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী বিএমডিএ, নাটোর রিজিয়ন	
২.	এসডব্লিউআইপি	খাস/মজা পুকুর পুণ: খনন নাটোর ও বড়াইগ্রাম জোন দপ্তরাধীন প্রকল্প এলাকা		
৩.	ইআইইসিডি	ভূ-গর্ভস্থ সেচনালা বর্ধিতকরণ নাটোর ও বড়াইগ্রাম জোন দপ্তরাধীন প্রকল্প এলাকা		
৪.	আরআইআইপি	সেচ যন্ত্র পুনর্বাসন নাটোর ও বড়াইগ্রাম জোন দপ্তরাধীন প্রকল্প এলাকা		

কর্মকর্তার দায়িত্ব:

প্রকল্পের কাজে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ঐ সমস্ত প্রকল্পের সার্বিক বিষয়াদি পরিবীক্ষণসহ কিছু নির্ধারিত কার্যক্রম দপ্তরের কর্মকর্তা/প্রতিনিধি দ্বারা পরিবীক্ষণ করা। এগুলি হল:

- ঠিকাদারকে বিল প্রদানের পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক যাচাই করা হয়েছে কিনা;
 - প্রকল্প এলাকায় শুনানী গ্রহণ: সংশ্লিষ্ট এলাকায় জনসংযোগ করা, প্রাপ্ত অভিযোগ/সুপারিশ ডকুমেন্টেশন করা।
 - প্রকল্পের বিষয়ে সংশ্লিষ্ট এলাকায় জনসংযোগ করে সুবিধাভোগী, স্থানীয় জনপ্রতিনিধি, সুধিসমাজ, শিক্ষক, ধর্মীয় ব্যক্তিত্ব, মহিলা এবং প্রশাসনিক কর্মকর্তাদের সাথে মতবিনিময় এবং তাঁদের অভিমত গ্রহণ;
 - প্রকল্পের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি, নারীর অংশগ্রহণ, পুষ্টিসমৃদ্ধ ফসল উৎপাদনবৃদ্ধি পেয়েছে কিনা ইত্যাদি।
২. কর্মকর্তা/কর্মকর্তাগণকে তাঁদের নামের পাশে মনোনয়নকৃত কার্যক্রম পরিদর্শনপূর্বক (ক. মতবিনিময় সভার স্থির চিত্র, খ. মতামত পত্র, গ. মতামত ও সুপারিশের ভিত্তিতে ফিডব্যাক পত্র, ঘ. উপস্থিতি বিবরণীসহ ও ঙ. পরিদর্শন প্রতিবেদন) প্রতিবেদন আগামী ৩১/০৩/২০২৪খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর জমাদানের জন্য নির্দেশ প্রদান করা হল।

কর্তৃপক্ষের স্বার্থে এ আদেশ জারী করা হল।


(মো: মনিরুজ্জামান সিনিয়র)
নির্বাহী প্রকৌশলী
বিএমডিএ, নাটোর রিজিয়ন, নাটোর

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি:

- জনাব মো: শফিকুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাটোর রিজিয়ন, নাটোর।
- সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাটোর/বড়াইগ্রাম জোন, নাটোর।
- অফিস কপি/প্রধান নথি।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি: